# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে নাগরিকত্ব লাভ করার ক্ষেত্রে আবেদনের যোগ্যতার সময়সীমা ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি/

(২) রাজ্য পর্যায়ের শিক্ষক পুরস্কারের জন্য আসামের ১৫জন কৃতি শিক্ষকের নাম ঘোষণা/ হাইলাকান্দির পি এম শ্রী জামিরা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়ার এই সম্মান লাভ/

(৩) অসামরিক বিমান পরিবহণ সংক্রান্ত বিষয়ে উত্তর-পূর্বাঞ্চলের মন্ত্রীদের সম্মেলন তথা তৃতীয় উত্তর-পূর্ব অসামরিক বিমান পরিবহণ সম্মেলন আগামীকাল ইটানগরে/

এবং

(৪) রাজ্যের চা জনগোষ্ঠীর লোকেদের পরম্পরাগত উৎসব করম পূজা আজ উৎসাহ উদ্দীপনায় পালিত/ বরাক উপত্যকায় এই উৎসবকে কেন্দ্র করে চাবাগান এলাকাগুলোতে উৎসবের মেজাজ/

---------------------------------------------------------------------------------

নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে নাগরিকত্ব লাভের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার নতুন নির্দেশনা জারি করেছে । এ অনুসারে আবেদনের যোগ্যতার সময়সীমা ২০২৪ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । এই আইনের অধীনে ভারতে আশ্রয় গ্রহণ করা পাকিস্তান ,আফগানিস্তান এবং বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুরা ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন । এর আগে নাগরিকত্ব সংশোধণী আইনের অধীনে ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বরের পূর্বে ভারতে প্রবেশ করা লোকেরা নাগরিকত্বের জন্য আবেদন করার যোগ্য ছিলেন ।

এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেছেন যে নাগরিকত্ব সংশোধনী আইনের মাধ্যমে রাজ্যে এপর্যন্ত তিনজন লোক ভারতীয় নাগরিকত্ব লাভ করেছে । বিগত দু বছরে আসামে ১২ জন লোক ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করলেও এরমধ্যে ৯ টি আবেদন বিবেচনাধীন রয়েছে ।আজ জালুকবারীর রামসারী আঞ্চলিক গ্রাম পঞ্চায়েতে আয়োজিত এক জনসভায় মূখ্যমন্ত্রী এই মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট এক গুরুত্বপূর্ণ রায়ে প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠদান করা শিক্ষকদের টেট উত্তীর্ণ হওয়ার বিষয়টি বাধ্যতামূলক করেছে । তবে সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই রায় কার্যকর হবে না । যেসব শিক্ষকের চাকরির কার্যকাল পাঁচ বছর বা তার থেকে কম, তারা টেট পরীক্ষা না দিয়েই বাকি সময়টুকু চাকরি করে যেতে পারবেন । তবে পদোন্নতি চাইলে টেট উত্তীর্ণ হতে হবে বলে এই রায়ে জানানো হয়েছে । এদিকে যেসব শিক্ষকের চাকরির কার্যকাল পাঁচ বছরের বেশি, তাদের দুবছরের মধ্যে টেট উত্তীর্ণ হতে হবে । দুবছরের মধ্যে টেট উত্তীর্ণ না হলে তাদের চাকরির থেকে অব্যাহতি দেওয়া হবে। তবে তাদেরকে অবসরকালীন সুযোগ সুবিধা সমূহ দেওয়া হবে । এই রায় শিক্ষার অধিকার আইন কার্যকর হওয়ার আগে অর্থাৎ ২০০৯ সালের আগে নিযুক্তি লাভ করা শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

---------------------------------------------------------------------------------

আসন্ন শিক্ষক দিবস উপলক্ষে আসাম সরকারের শিক্ষা বিভাগ রাজ্য পর্যায়ে ১৫ জন কৃতি শিক্ষকের নাম ঘোষণা করেছে । এরমধ্যে আটজন মাধ্যমিক শিক্ষা বিভাগের এবং সাতজন প্রাথমিক শিক্ষা বিভাগের শিক্ষক রয়েছেন । আগামী শুক্রবার শিক্ষক দিবসের কার্যসূচীতে এই শিক্ষকদের পুরস্কৃত করা হবে ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলা থেকে একজন এই তালিকায় স্থান পেয়েছেন । তিনি হলেন- মাধ্যমিক শিক্ষাবিভাগে হাইলাকান্দির পি এম শ্রী জামিরা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়া ।

আগামী পাঁচ সেপ্টেম্বর তেজপুর বিশ্ববিদ্যালয়ে রাজ্যস্তরের শিক্ষক দিবসের অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এই কৃতি শিক্ষকদের হাতে পুরস্কার তুলে দেবেন । দক্ষিণ হাইলাকান্দির জামিরার মতো প্রত্যন্ত অঞ্চল থেকে রাজ্য শিক্ষক পুরস্কারের জন্য সুফিয়ান সিদ্দিকি বড়ভুইয়ার নাম আসায় হাইলাকান্দি জেলার বিভিন্ন মহল থেকে তাঁকে

শুভেচ্ছা জানানো হচ্ছে । এবছরের কৃতি শিক্ষকের তালিকায় নিজের নাম আসায় সন্তোষ ব্যক্ত করে শ্রী সিদ্দিকি বলেন-

#বাইট#

-------------------------------------------------------------------------------------------

অসামরিক বিমান পরিবহণ সংক্রান্ত বিষয়ে উত্তর-পূর্বাঞ্চলের মন্ত্রীদের সম্মেলন তথা তৃতীয় উত্তর-পূর্ব অসামরিক বিমান পরিবহণ সম্মেলন আগামীকাল ইটানগরে অনুষ্ঠিত হবে । উত্তর-পূর্বাঞ্চলের অসামরিক বিমান পরিবহণ দপ্তরের মন্ত্রীরা, নীতি প্রস্তুতকারক এবং এই শিল্পের সঙ্গে জড়িত উচ্চপদস্থ ব্যক্তিবর্গ এই সম্মেলনে উপস্থিত থাকবেন । এতে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে বিমান সংযোগ বৃদ্ধি করা এবং এই অঞ্চলে বিমান পরিবহণের সম্ভাবনা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হবে । উল্লেখ্য- কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রামমোহন নাইডু কিঞ্জারাপু এবং এই দপ্তরের প্রতিমন্ত্রী মুরলীধর মোহোল এই সম্মেলনে অংশগ্রহণ করবেন । সম্মেলনে উত্তর-পূর্বাঞ্চলের বর্তমান বিমানবন্দরগুলির সম্প্রসারণ, নতুন বিমানবন্দর নির্মাণ, হেলিকপ্টার সেবা আরো উন্নত করা, সাধারণ বিমান পরিবহণ, ড্রোন, বিমান সংক্রান্ত সংস্কার, মেরামতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হবার সম্ভাবনা রয়েছে । কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ দপ্তর এবং ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের যোথ উদ্যোগে ও অরুণাচল প্রদেশ সরকারের সহায়তায় ঐ রাজ্যে প্রথমবারের মতো এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে । এর আগে আসাম এবং মেঘালয়ে এই সম্মেলনের আয়োজন করা হয়েছিল ।

-------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ সেপ্টেম্বর গোলাঘাট জেলার নুমলীগড়ে বিশ্বের প্রথম বাঁশভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । নুমলীগড় শোধনাগারের ৫০ শতাংশ অংশীদারিত্বে নির্মিত এই প্রকল্পটি উদ্বোধনের জন্য প্রায় প্রস্তুত করে তোলা হয়েছে । এই প্রকল্পটি থেকে প্রতি বছর ৫০ হাজার টন ইথানল ,১৮ হাজার টন ফার্ফিউরেল এবং ১১ হাজার টন এসিডিক এসিড উৎপাদন করা হবে । অবশিষ্ট লীগনিন থেকে ২৫ মেগাওয়াট বিদ্যুত উৎপাদন করা যাবে বলে জৈব ইথানল প্রকল্পের পরিচালন সঞ্চালক ভাস্কর জ্যোতি ফুকন আজ এক সাংবাদিক সম্মেলনে জানান । সেইসঙ্গে তরল কার্বন ডাই অক্সাইড উৎপাদন করা হবে বলেও তিনি জানান । উল্লেখ্য প্রধানমন্ত্রী  মোদী এই প্রকল্প উদ্বোধন করা সহ নুমলীগড় শোধনাগারে নির্মীয়মান পোলিপ্রপিলিন ইউনিটেরও ভিত্তপ্রস্তর স্থাপন করবেন ।

-------------------------------------------------------------------------------------

ভারতীয় তথ্য সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক , আকাশবাণী গৌহাটীর সংবাদ বিভাগের প্রাক্তন যুগ্ম সঞ্চালক তথা আসামের একজন প্রবীণ সাংবাদিক বিরাজ দাস আজ বিকেলে গৌহাটীর নেমকেয়ার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিলো ৮৯ । তিনি ১৯৬৩ সাল থেকে ১৯৬৬ সাল পর্যন্ত দ্য আসাম ট্রিবিউন সংবাদপত্রের স্টাফ রিপোর্টার হিসেবে কার্যনির্বাহ করেন । ১৯৭৩ সাল থেকে ৭৬ সাল পর্যন্ত তিনি আকাশবাণী ডিব্রুগড়ের সংবাদদাতা হিসেবে কার্যনির্বাহ করা সহ আসাম আন্দোলনের সময় ১৯৭৯ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত  আকাশবাণী গৌহাটীর সংবাদদাতা হিসেবে এস এস বিতে ডেপুটেশনে কার্যনির্বাহ করেন । তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ক্ষেত্র সম্প্রচার সঞ্চালকালয়ের অধীনে মেঘালয় ,মিজোরাম এবং ত্রিপুরাতে আঞ্চলিক আধিকারিক হিসেবেও কর্মরত ছিলেন । পরবর্তী সময়ে তিনি প্রেস ইনফরমেশন ব্যুরোর উপ-প্রধান তথ্য আধিকারিক হিসেবে কর্মরত ছিলেন । শ্রী দাস আকাশবাণী গৌহাটীর যুগ্ম সঞ্চালক হিসেবে কার্যনির্বাহ করে অবসর গ্রহণ করেন ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের চা জনগোষ্ঠীর লোকেরা আজ পরম্পরাগত রীতি-নীতির মাধ্যমে করম পূজা পালন করেন ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী করম পূজা উপলক্ষ্যে দেশবাসীকে শূভেচ্ছা জানিয়েছেন । এ উপলক্ষ্যে সাআজিক মাধ্যমে এক শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি বলেন যে এই উৎসব ভাই বোনেদের মধ্যে ভালোবাসা ও সদভাবের প্রতীক । এই উৎসব প্রকৃতি সংরক্ষণের বার্তা বহন করে বলেও তিনি উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী তাঁর বার্তায় বলেন যে এই উৎসব ভাই ও বোনের মধ্যে অটুট বন্ধনকে প্রতিফলিত করে । এই পবিত্র উৎসব সবার জীবনে শান্তি-সমৃদ্ধি এবং সুস্বাস্থ্যের বার্তা বয়ে আনবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাও চা জনগোষ্ঠীর লোকেদের করম পূজার শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে করম পূজা হচ্ছে উর্বরতা ,সমৃদ্ধি এবং সমন্বয়ের প্রতীক । উল্লেখ্য শস্য উৎপাদন বৃদ্ধির কামনায় ভাদ্র মাসের শুক্লা একাদশী তিথিতে এই পূজা উদযাপন করা হয় ।

-------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ উৎসাহ ও উদ্দীপনায় করম পূজা অনুষ্ঠিত হয়েছে । কাছাড় জেলার বিভিন্ন চা বাগানে আজ ধর্মীয় উৎসাহ-উদ্দীপনায় করম পূজা পালন করা হয়েছে । অসম প্রদেশ কুঁরুখ ওঁরাং সংঘের উদ্যোগে আজ ডলু চা

বাগানের ময়নাগড়ে ধর্মীয় রীতি-নীতি মেনে করম পূজার আয়োজন করা হয়েছে । সংঘের সাধারণ সম্পাদক বিরছা ওরাং জানান যে একটি গাছ কাটলে , তিনটি গাছ রোপণ করাই করম পূজার মূল উদ্দেশ্যে । প্রকৃতির ভারসাম্য রক্ষা করতে গাছ রোপণ করাই চা জনগোষ্ঠীর অন্যতম কর্তব্য বলে তিনি মন্তব্য করেন । এছাড়া সমস্ত বছর জুড়ে যাতে ভাল শস্য উৎপাদন হয়, সেই কামনায় করম পূজার আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ ধর্মীয় উৎসাহ-উদ্দীপনায় করম পূজা পালন করা হয়েছে । হাইলাকান্দি শহর সংলগ্ন শিরিষপুর চা বাগানের নাচঘরে আজ উৎসব মুখর পরিবেশে করম পূজার আয়োজন করা হয় । ভাদ্র মাসের শুক্লা একাদশী তিথিতে শস্য শ্যামলা প্রকৃতির প্রতীক করম দেবতার পূজা করা হয়ে থাকে । প্রচলিত বিশ্বাস অনুসারে করম পূজা সম্পন্ন করলে প্রকৃতি চির সবুজ থাকে এবং সমাজে শান্তি-সম্প্রীতির পরিবেশ বিরাজ করে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচ জন উদীয়মান ক্রিকেটার অনুর্ধ-১৯ রাজ্য ক্রিকেট দলের ট্রায়ালে স্থান লাভ করেছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে জে কে বরুয়া অনুর্ধ-১৯ আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতায় ভাল প্রদর্শনীর জন্য হাইলাকান্দির পাঁচ জন ক্রিকেটার রাজ্য দলের ট্রায়াল ক্যাম্পে ডাক পেয়েছেন । ট্রায়াল ক্যাম্পে স্থান লাভ করা হাইলাকান্দি জেলার পাঁচ খেলোয়াড় হচ্ছেন -বরুনজ্যোতি মালাকার , রাজ্জিদ পাল চৌধুরী , সৌম্যকান্তি পাল , কোবিদ আহমেদ চৌধুরী ও বিভাবসু নন্দী । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে এই পাঁচ ক্রিকেটারকে অভিনন্দন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------